# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১২২৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. আযান (এর বাক্য) হবে জোড়া জোড়া এবং ইকামত (এর বাক্যগুলি) হবে বিজোড় সংখ্যায়

بَاب الْأَذَانُ مَثْنَى مَثْنَى وَالْإِقَامَةُ مَرَّةً

### আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ سِمَاكِ بْنِ عَطِيَّةَ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَنَسٍ قَالَ أُمِرَ بِلَالٌ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَيُوتِرَ الْإِقَامَةَ إِلَّا الْإِقَامَةَ

### বাংলা

১২২৭. (অপর সূত্রে) আবী কিলাবা হতে বর্ণিত, আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযান বাক্যসমূহ জোড়া জোড়া এবং ইকামাতের বাক্যসমূহ বিজোড়ভাবে বলার নির্দেশ প্রদান করা হয়, তবে ’ইকামত (এর অতিরিক্ত বাক্যগুলি)[1] ব্যতীত।[2]

### ফুটনোট

[1] ‘ইকামত ব্যতীত’ অর্থ ইকামতের শব্দগুলি তথা ‘ক্বদ ক্বমাতিস সালাহ’। এটি বিজোড় নয়, এ বাক্যটি দু’বার বলতে হবে। দেখুন, সহীহ মুসলিম এ বাবের ৩৭৮ নং হাদীসটি।

[2] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি আগের হাদীসটির পূনরাবৃত্তি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্‌ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন